

যুগান্তর

প্রিন্ট: ০৭ জুন ২০২৬, ০৮:১৩ এএম

শিক্ষাঙ্গন

শিক্ষা বাজেটে ইশতেহারের প্রতিফলন চান শিক্ষাবিদে

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৬ জুন ২০২৬, ১০:১৫ পিএম



সরকারের নির্বাচনি ইশতেহার অনুযায়ী শিক্ষা খাতের প্রতিশ্রুতিগুলোর দ্রুত বাস্তবায়ন, আসন্ন শিক্ষা বাজেটে পর্যাপ্ত বরাদ্দ এবং প্রয়োজনীয় কাঠামোগত সংস্কার নিশ্চিত করার দাবি জানিয়েছেন শিক্ষাবিদ ও শিক্ষক নেতারা।

তারা বলেছেন, জাতীয় বাজেটে যদি নির্বাচনি ইশতেহারের সঠিক প্রতিফলন না ঘটে, তবে সরকারের ঘোষিত দীর্ঘমেয়াদি লক্ষ্য ও উন্নয়ন এজেন্ডা অর্জন কোনোভাবেই সম্ভব হবে না।

জাতীয় প্রেস ক্লাবের মাওলানা আকরাম খাঁ হলে শনিবার আয়োজিত গোলটেবিল বৈঠকে বক্তারা এ কথা বলেন। বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির (বাকবিশিস) ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে 'সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী শিক্ষা বাজেট' শীর্ষক এ গোলটেবিল আলোচনার আয়োজন করা হয়।

গোলটেবিল বৈঠকে সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) জ্যেষ্ঠ গবেষণা সহযোগী শৌর্য তালুকদার মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

বিশেষ আলোচকের বক্তৃত্তা করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক শরমিন্দ নীলোমি, বাংলাদেশ প্রতিদিনের ডেপুটি এডিটর রাজু আহমেদ। গোলটেবিল বৈঠকে সভাপতিত্ব করেন বাকবিশিসের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক নুর মোহাম্মদ তালুকদার।